বাংলা একাডেমি
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০

# বিজ্ঞপ্তি

## অমর একুশে বইমেলা ২০২৭

### স্থান : বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহ্‌রাওয়ার্দী উদ্যান

অমর একুশে বইমেলা ২০২৭-এ অংশগ্রহণ করতে আগ্রহী প্রকৃত প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দের আবেদনপত্র জমা দেওয়ার জন্য আহ্বান করা হচ্ছে। আবেদনপত্র অনলাইনে www.ba21bookfair.com-এই ওয়েবসাইটে পূরণ করা যাবে। পুরোনো (২০২৫ ও ২০২৬ সালের বইমেলায় অংশগ্রহণকারী) যেসব প্রকাশনা প্রতিষ্ঠান পূর্বের আকারের (১, ২, ৩ ও ৪ ইউনিটের স্টল বা প্যাভিলিয়ন) স্টল পেতে আগ্রহী সেসব প্রতিষ্ঠান অনলাইনে ২২.১১.২০২৬ থেকে ৩০.১১.২০২৬ তারিখ পর্যন্ত আবেদন করতে পারবে।

আবেদনপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত সর্বশেষ একটি চুক্তিপত্রের ১ম ও শেষ পাতা, লেখককে প্রদত্ত সম্মানির সাম্প্রতিক প্রমাণক, আর্কাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে গ্রন্থ জমা প্রদানের রসিদ/প্রত্যয়নপত্র এবং অগ্নি-সাইক্লোন বিমার প্রমাণক আপলোড করতে হবে।

নতুন প্রকাশনা প্রতিষ্ঠান অথবা যেসব প্রকাশনা প্রতিষ্ঠান পূর্বের আকার থেকে বর্ধিত স্টল বা প্যাভিলিয়ন পেতে আগ্রহী সেসব প্রতিষ্ঠানকে বাংলা একাডেমি থেকে তথ্যফরম/আবেদনপত্র সংগ্রহ করতে হবে। তথ্যফরম/আবেদনপত্র সংগ্রহ করে উপর্যুক্ত প্রয়োজনীয় তথ্যাদিসংবলিত আবেদন বইসহ (অক্টোবর ২০২৬-এর মধ্যে প্রকাশিত কমপক্ষে ৩০টি মানসম্মত বই) ২২.১১.২০২৬ থেকে ৩০.১১.২০২৬ তারিখ (ছুটির দিনসহ) সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টার মধ্যে একাডেমির ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ভবনের নিচতলায় অভ্যর্থনা কক্ষে জমা দেওয়া যাবে। বইয়ের মান ও অন্যান্য কাগজ/দলিল যাচাই শেষে স্টল বরাদ্দের ব্যাপারে বইমেলা পরিচালনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

অনলাইনে আবেদনপত্র জমা দিতে অপারগ প্রতিষ্ঠানসমূহ সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবে।

অনলাইনে বা সরাসরি প্রাপ্ত আবেদনপত্র অমর একুশে বইমেলা ২০২৭ পরিচালনা কমিটি দ্বারা যাচাই-বাছাইপূর্বক মনোনীত প্রতিষ্ঠানের নাম ১০.১২.২০২৬ তারিখ অনলাইনে প্রকাশ করা হবে। বরাদ্দপ্রাপ্ত স্টলের ভাড়া ব্যাংকে জমা ও জমার রসিদ ১৩.১২.২০২৬ থেকে ২২.১২.২০২৬ তারিখের মধ্যে আপলোড করতে হবে এবং ০১ (এক) কপি প্রতিষ্ঠানের নামসহ একাডেমির ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ভবনের নিচতলায় অভ্যর্থনা কক্ষে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

যেসব প্রতিষ্ঠানের স্টল ভাড়া উপর্যুক্ত সময়ের মধ্যে জমা হবে না, সেসব প্রতিষ্ঠানের নাম লটারির তালিকার বাইরে থাকবে। ভাড়া বাবদ প্রদেয় টাকা অগ্রণী ব্যাংক পিএলসি-র যে কোনো অনলাইন শাখা থেকে অগ্রণী ব্যাংক পিএলসি, বাংলা একাডেমি শাখার 'বাংলা একাডেমি অমর একুশে গ্রন্থমেলা সঞ্চয়ী হিসাব নম্বর ০২০০০১৪০৪৯২৩১'-এ জমা দিতে হবে। **টাকা জমার রসিদে প্রতিষ্ঠানের নাম ও অনলাইন রেজিস্ট্রেশন নম্বর থাকা অপরিহার্য।**

অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে 'অমর একুশে বইমেলা ২০২৭'-এর নীতিমালা ও নিয়মাবলি মেনে চলতে হবে। নীতিমালা ও নিয়মাবলি ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

ড. মোঃ সেলিম রেজা
সচিব, বাংলা একাডেমি
ও
সদস্য-সচিব
অমর একুশে বইমেলা ২০২৭ পরিচালনা কমিটি
বাংলা একাডেমি, ঢাকা ১০০০

প্রাপকের স্বাক্ষর